তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...
AUG 23 2002

# শাবিপ্রবিতে সাংবাদিক পিটিয়েছে শিবির

নিজস্ব বার্তা পরিবেশক, সিলেট কার্যালয় ঃ খবর প্রকাশের দায়ে ছাত্রশিবির 'যুগান্তর'-এর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি, শাবিপ্রবি প্রেসক্লাব সভাপতি ও প্রগতিশীল সংস্কৃতিকর্মী মোস্তফা মনোয়ার সুজনকে মারধর করেছে।

বৃহস্পতিবার দুপুরে শাবিপ্রবি ডাকঘর এলাকায় এ ঘটনা ঘটে।

মোস্তফা মনোয়ার সুজন কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে শাবিপ্রবি মিনি অডিটোরিয়ামে জামাতে ইসলামীর সাবেক আমির অধ্যাপক গোলামকে নিয়ে ছাত্রশিবিরের সভা করা সম্পর্কে একটি খবর প্রকাশ করায় এ ঘটনা ঘটানো হয় বলে জানা গেছে।

আরও অভিযোগ করা হয়েছে, ছাত্রশিবির কর্মীরান মোস্তফা মনোয়ার সুজানকে আগামীতে সাবধানে খবর লেখার নির্দেশ দিয়ে বলে, না হলে জবাই করা হবে।

বিভিন্ন সংগঠন মোস্তফা মনোয়ার সুজনকে মারধর করার ঘটনায় তীব্র নিন্দা করে দোষী ছাত্রশিবির কর্মীদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নেয়ার দাবি জানিয়েছে।